

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বাজেট শাখা  
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৪.২০.০০৬.২০১৭-৪৩

তারিখ: ২৬ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ,  
০৮ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিষ্টাব্দ

বিষয়: মোহনগঞ্জ সরকারি কলেজ, মোহনগঞ্জ, নেত্রকোনা-এ কর্মরত ৪২ জন শিক্ষকের (প্রভাষক) বেতন-ভাতা বাবদ মোট ৫১২১৮০৬২/- (পাঁচ কোটি বার লক্ষ আঠার হাজার বাষট্টি হাজার) টাকা বরাদ্দ সংক্রান্ত।

- সূত্র: ১) অর্থ বিভাগের নোটাংশের উদ্ধৃতাংশ ০৭.০০.০০০০.১০২.০২০.০০৯.২০১৭, তারিখ: ৩১.০১.১৮ খ্রিষ্টাব্দ  
২) মাউশির পত্র নং-৩৭.০২.০০০০.১১৪.২০.০৬৮.১৬-১৬৮৬, তারিখ: ১৪.০১.২০১৮ খ্রিষ্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকে অর্থ বিভাগের সম্মতির প্রেক্ষিতে, চলতি ২০১৭-১৮ অর্থবছরে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন জাতীয়করণকৃত মোহনগঞ্জ সরকারি কলেজ, নেত্রকোনা-এর এডহক ভিত্তিতে নিয়োগকৃত ৪২ জন শিক্ষকের জাতীয়করণের তারিখ হতে বকেয়াসহ চলতি ২০১৭-১৮ অর্থবছরের বেতন-ভাতা বাবদ প্রস্তাবিত মোট ৫,১২,১৮,০৬২/- (পাঁচ কোটি বার লক্ষ আঠার হাজার বাষট্টি) টাকার বিপরীতে জাতীয়করণের তারিখ হতে অর্থাৎ ২৩ মার্চ ২০১৬ খ্রি: তারিখ হতে জানুয়ারি, ২০১৮ পর্যন্ত সময়ের বেতন-ভাতা বাবদ প্রয়োজনীয় অর্থ চলতি ২০১৭-১৮ অর্থবছরের বাজেটে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন “৩-২৫৩৭-০০০০-সরকারি মহাবিদ্যালয়সমূহ” খাতের বরাদ্দ হতে নিম্নবর্ণিত বিভাজন ও শর্তে নির্দেশক্রমে ব্যয় নির্বাহের অনুমতি প্রদান করা হল:

অর্থনৈতিক কোড ও বিবরণ	২০১৫-১৬ অর্থবছরের বকেয়া (টাকা)	২০১৬-১৭ অর্থবছরের বকেয়া (টাকা)	২০১৭-১৮ অর্থবছরের চাহিদা (টাকা)	মোট চাহিদা (টাকা)
৪৫০১-কর্মকর্তাদের বেতন	৪২৯০৩০০.০০	১৩৫১৪১৬০.০০	১৪১৯২৫২০.০০	৩১৯৯৬৯৮০.০০
৪৭০৫-বাড়ী ভাড়া	৮৭১২০০.০০	৫১৫৯৬১৬.০০	৫৬৭৭০০৮.০০	১১৭০৭৮২৪.০০
৪৭১৩-উৎসব ভাতা	০	২২৫২৩৬০.০০	২৩৬৫৪২০.০০	৪৬১৭৭৮০.০০
৪৭১৪-বাংলা নববর্ষ ভাতা	১০৮৯০০.০০	২২৫২৩৬.০০	২৩৬৫৪২.০০	৫৭০৬৭৮.০০
৪৭১৭-চিকিৎসা ভাতা	১১৭৬০০.০০	৭৫৬০০০.০০	৭৫৬০০০.০০	১৬২৯৬০০.০০
৪৭৭৩-শিক্ষা ভাতা	৫৯২০০.০০	৩১৮০০০.০০	৩১৮০০০.০০	৬৯৫২০০.০০
মোট বেতন-ভাতাদি	৫৪৪৭২০০.০০	২২২২৫৩৭২.০০	২৩৫৪৫৪৯০	৫১২১৮০৬২.০০

**শর্তসমূহ:**

- ক) উল্লিখিত সময়ে এ সকল শিক্ষক সরকারি তহবিল/অন্য কোন উৎস হতে বেতন-ভাতাদি পেয়ে থাকলে তা সমন্বয় করে বেতন-ভাতা পরিশোধ করতে হবে;
- খ) এ অর্থ ব্যয়ে সরকারের প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান ও নিয়মাচার যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- গ) নিয়োগকৃত ৪২ জন শিক্ষকের বেতন-ভাতাদি পরিশোধ ব্যতিত অন্য কোন উদ্দেশ্যে অর্থ ছাড় করা যাবে না;
- ঘ) ছাড়কৃত অর্থের মধ্যে অব্যয়িত অর্থ আগামী ৩০ জুন ২০১৮ খ্রি: তারিখের মধ্যে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে;
- ঙ) এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন ধরনের অনিয়ম উদঘাটিত হলে সে ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যয় নির্বাহকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

*(স্বাক্ষর)*

(মোঃ ফজলুর রহমান)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫১২২০৫

e-mail:moebudgetsection@gmail.com

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

শিক্ষা ভবন, ঢাকা।

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৪.২০.০০৬.২০১৭-৪৩/১(৯)

তারিখ: ২৬ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ  
০৮ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

অনুলিপি(সদয় অবগতির জন্য):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। উপ সচিব, বাজেট অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। উপ সচিব, বাজেট অধিশাখা-২, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সরকারি আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
- ৭। অধ্যক্ষ, মোহনগঞ্জ সরকারি কলেজ, নেত্রকোনা।
- ৮। হিসাবরক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। অতিরিক্ত সচিব(প্রশাসন ও অর্থ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(মোঃ ফজলুর রহমান)  
সিনিয়র সহকারী সচিব